রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুন ৩, ২০১৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**বস্ত্র ও পাট মন্ত্রণালয়**

**পাট-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৪ জ্যৈষ্ঠ ১৪২০ বঙ্গাব্দ/২৮ মে ২০১৩ খ্রিস্টাব্দ

**এস,আর,ও নং ১৩৩-আইন/২০১৩।**—পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০ (২০১০ সনের ৫৩ নম্বর আইন) এর ধারা ২২ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার এতদ্‌দ্বারা নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

১। **শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই বিধিমালা পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার বিধিমালা, ২০১৩ নামে অভিহিত হইবে।

(২) এই বিধিমালা, উপ-বিধি (৩) এর বিধান সাপেক্ষে, অবিলম্বে কার্যকর হইবে।

(৩) বিধি ৩ এই বিধিমালা কার্যকর হইবার ৬০ (ষাট) দিন পর বলবৎ হইবে।

২। **সংজ্ঞা।**—(১) বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "আইন" অর্থ পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০ (২০১০ সনের ৫৩ নং আইন);



মূল্য ঃ টাকা ৮.০০

(খ) "উপদেষ্টা কমিটি" অর্থ আইনের ধারা ৫ এর উপ-ধারা (১) এর অধীন গঠিত কমিটি;

(গ) "তফসিল" অর্থ এই বিধিমালার তফসিল;

(ঘ) "ধারা" অর্থ আইনের কোন ধারা;

(ঙ) "পণ্য" অর্থ আইনের ধারা ২ এর দফা (৩) এ সজ্ঞায়িত কোন পণ্য;

(চ) "ফরম" অর্থ এই বিধিমালায় উল্লিখিত কোন ফরম;

(ছ) "ব্যক্তি" অর্থ আইনের ধারা ২ এর দফা (৮) এ সজ্ঞায়িত কোন ব্যক্তি;

(জ) "মহাপরিচালক" অর্থ পাট অধিদপ্তরের মহাপরিচালক।

৩। **পণ্য নির্ধারণ, ইত্যাদি।**—আইনের ধারা ৪ এর উদ্দেশ্য পূরণকল্পে, তফসিলে উল্লিখিত পণ্যই হইবে নির্ধারিত পণ্য।

৪। **তথ্য সংরক্ষণ ও প্রতিবেদন দাখিল।**—(১) পণ্য উৎপাদন এবং মোড়কীকরণ সম্পর্কিত তথ্যাদি ফরম-১ মোতাবেক সংরক্ষণ করিতে হইবে এবং কোন মাস শেষ হইবার ১৫ (পনের) দিনের মধ্যে উক্ত মাসে সংরক্ষিত তথ্যাদি ফরম-২ মোতাবেক মহাপরিচালক বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তার নিকট প্রতিবেদন আকারে দাখিল করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এর বিধান অভ্যন্তরীণ বাজারে পণ্য সরবরাহ এবং বাল্কে আমদানীকৃত পণ্যের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

(৩) উপ-বিধি (১) এ যাহা কিছুই থাকুক না কেন, রপ্তানীকৃত পণ্য যে দেশে রপ্তানী করা হইবে উক্ত দেশের চাহিদা অনুযায়ী মোড়কজাত করা যাইবে।

৫। **উপদেষ্টা কমিটি কর্তৃক বাধ্যতামূলকভাবে পাটজাত মোড়কের ব্যবহারের জন্য পণ্য নির্ধারণের ক্ষেত্রে বিবেচ্য বিষয়াদি।**—উপদেষ্টা কমিটি বাধ্যতামূলকভাবে পাটজাত মোড়কের ব্যবহারের জন্য পণ্য নির্ধারণের ক্ষেত্রে ধারা ৭ এর উপ-ধারা (২) এর উদ্দেশ্য পূরণকল্পে নিম্নবর্ণিত বিষয়াদি বিবেচনা করিবে, যথাঃ—

(ক) **পাটজাত মোড়ক ব্যবহারের বর্তমান অবস্থা** ঃ পাটজাত মোড়ক ব্যবহারকারী পণ্যের তালিকা প্রণয়ন, মোড়কজাত করার জন্য পণ্যভিত্তিক পরিমাণ, মোড়কের পরিমাপ, মোড়কের সাকুল্য বার্ষিক চাহিদা, পাটজাত মোড়কের উৎপাদন ক্ষমতা ও মূল্য, মোড়কজাত পণ্যের মূল্যের উপর এর প্রভাব, পণ্যের গুণগত মান, স্বাস্থ্যগত মান ও পরিমাণ যথাযথভাবে সংরক্ষিত হইতেছে কিনা তৎসম্পর্কে তথ্যভিত্তিক প্রতিবেদন প্রণয়ন ও মূল্যায়ন;

2

(খ) সহজলভ্য কাঁচা পাটের পরিমাণ;

(গ) **সহজলভ্য পাটজাত মোড়কের পরিমাণ** ঃ পাটজাত মোড়ক প্রস্তুতের লক্ষ্যে প্রয়োজনীয় কাঁচা পাটের পরিমাণ, শ্রেণী, উহার সার্বিক মূল্য, কৃষকের প্রাপ্ত মূল্য, কাঁচা পাট হতে মোড়ক উৎপাদনের পরিমাণ, জ্বালানী ব্যয় এবং পাটজাত মোড়কের বিক্রয় মূল্য ইত্যাদির ক্ষেত্রে বিস্তারিত প্রতিবেদন প্রস্তুত ও আর্থিক মূল্যায়ন;

(ঘ) **পাট শিল্প এবং কাঁচা পাট উৎপাদনে নিয়োজিত ব্যক্তি বা প্রতিষ্ঠানের স্বার্থ রক্ষা করা** ঃ উৎপাদিত পাটজাত মোড়ক এর উৎপাদন ব্যয়, প্রাপ্ত গড় বিক্রয়মূল্য এবং উহাতে কৃষক পর্যায়ে প্রাপ্ত ও পাট মোড়ক উৎপাদকের প্রাপ্ত মূল্যাংশ সংক্রান্ত তথ্যভিত্তিক প্রতিবেদন প্রস্তুত ও মূল্যায়ন;

(ঙ) **পাট শিল্পে চলমান রক্ষণাবেক্ষণের প্রয়োজনীয়তা** ঃ লাভজনকভাবে পাট শিল্প পরিচালনা নিশ্চিত করার লক্ষ্যে পাটজাত মোড়ক উৎপাদন হইতে অধিকতর মূল্য সংযোজিত পাটজাত পণ্যের চিহ্নিতকরণ এবং তদ্‌উদ্দেশ্যে বিদ্যমান পাট শিল্পের প্রয়োজনীয় আধুনিকায়ন, উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ সংক্রান্ত তথ্য ভিত্তিক প্রতিবেদন প্রস্তুত ও মূল্যায়ন;

(চ) **পাটজাত মোড়ক দ্বারা মোড়কজাতকরণের ক্ষেত্রে প্রয়োজনীয় পণ্যের পরিমাণ** ঃ পাটজাত মোড়ক ব্যবহারের জন্য পণ্যভিত্তিক পরিমাণ নির্ধারণ এবং চাহিদা অনুযায়ী পাটজাত মোড়ক সরবরাহ করার সক্ষমতা পরিমাণ নির্ধারণ;

(ছ) **পরিবেশ ও স্বাস্থ্য সম্পর্কিত অন্যান্য বিষয়াদি** ঃ আন্তর্জাতিকভাবে স্বীকৃত বিভিন্ন দেশী ও বিদেশী প্রতিষ্ঠান হতে গৃহীত তথ্যাদি অথবা গবেষণালব্ধ ফলাফলের ভিত্তিতে পণ্যের লাইফ সাইকেল ইম্পেক্ট এনালাইসিস বা কোন পণ্যের ক্ষেত্রে পরিবেশগত প্রতিক্রিয়া বিশেষ করে পণ্যের কাঁচামাল উৎপাদন, ব্যাগে রূপান্তর, পরিবহনের ক্ষেত্রে পরিবেশ ও স্বাস্থ্যগত প্রতিক্রিয়া সংক্রান্ত তথ্যাদি বিশ্লেষণপূর্বক প্রতিবেদন প্রণয়ন ও মূল্যায়ন;

(জ) **উপদেষ্টা কমিটি কর্তৃক যথোপযুক্ত বিবেচিত অন্য কোন বিষয়** ঃ উপরোক্ত বিষয়সমূহ মূল্যায়নের ভিত্তিতে অর্থনৈতিক সম্ভাব্যতা, অধিকতর মূল্য সংযোজিত হইতেছে কিনা বা কৃষক পর্যায়ে প্রাপ্ত মূল্য, পাটজাত মোড়ক উৎপাদন স্তরে প্রাপ্ত মূল্য, পরিবেশ ও স্বাস্থ্যগত বিষয় প্রভৃতি মূল্যায়নপূর্বক সিদ্ধান্ত গ্রহণ।

৬। **বাজেয়াপ্তকৃত পণ্য নিষ্পত্তি বা বিলিবন্দেজ।**—আইনের অধীন বাজেয়াপ্ত পণ্য নিষ্পত্তি বা বিলিবন্দেজ এর ক্ষেত্রে আইনের বিধানাবলী সাপেক্ষে Code of Criminal Procedure, 1898 (Act V of 1898) এর সংশ্লিষ্ট বিধান প্রযোজ্য হইবে।

৭। **নোটিশ জারীর পদ্ধতি।**—(১) আইনের ধারা ১২ এর উপ-ধারা (৪) এর উদ্দেশ্য পূরণকল্পে বাজেয়াপ্তকরণ আদেশ প্রদানের পূর্বে পণ্য বাজেয়াপ্তকরণের বিরুদ্ধে আপত্তি উত্থাপনের জন্য পরিস্থিতি বিবেচনাক্রমে অনধিক ৩০(ত্রিশ) দিন সময় প্রদান করিয়া নোটিশ প্রদান করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন প্রদত্ত নোটিশ শুনানি গ্রহণপূর্বক ৩০(ত্রিশ) দিনের মধ্যে নিষ্পত্তি করিতে হইবে।

**ফরম-১**

**পণ্য উৎপাদন ও মোড়কীকরণ সম্পর্কিত তথ্যাদি ঃ**

**[বিধি ৪(১) দ্রষ্টব্য]**

ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম ঃ মাসের নাম ঃ

| তারিখ | পণ্যের নাম | পূর্বের জের (মেঃ টন) | উৎপাদিত/ আমদানীকৃত পণ্যের পরিমাণ (মেঃ টন) | রপ্তানি/ বিক্রয়কৃত পণ্যের পরিমাণ (মেঃ টন) | মজুদ পণ্যের পরিমাণ (মেঃ টন) | পরিবাহিত পণ্যের পরিমাণ (মেঃ টন) | মোড়কীকরণে ব্যবহৃত পাটজাত পণ্যের ব্যবহার (সংখ্যা) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |

## ফরম-২

**পণ্য উৎপাদন ও মোড়কীকরণ সম্পর্কিত প্রতিবেদন ঃ**
**[বিধি ৪(১) দ্রষ্টব্য]**

ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম ঃ মাসের নাম ঃ

| ক্রমিক নং | পণ্যের নাম | প্রতিবেদনাধীন মাসে উৎপাদন/ আমদানীকৃত পণ্যের পরিমাণ (মেঃ টন) | প্রতিবেদনাধীন মাসে রপ্তানি/বিক্রীত পণ্যের পরিমাণ (মেঃ টন) | ব্যবহৃত পাটজাত মোড়কের বিবরণ/ পরিমাণ | প্রতি মোড়কে পণ্যের পরিমাণ (কেজি) | ব্যবহৃত মোট মোড়কের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| | | | | | | | |
| | | | | | | সর্বমোট= | |

6

**তফসিল**

**পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহারের জন্য নির্ধারিত পণ্য**

**[বিধি ৩ দ্রষ্টব্য]**

| ক্রমিক নং | পণ্যের নাম |
|---|---|
| (১) | (২) |
| ১। | ধান |
| ২। | চাল |
| ৩। | গম |
| ৪। | ভুট্টা |
| ৫। | সার |
| ৬। | চিনি |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আশরাফুল মকবুল**
সিনিয়র সচিব।

ড. মোঃ আলী আকবর (উপ সচিব), উপ পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপ সচিব), উপ পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd